# কুমিল্লা বিমানবন্দরে অভ্যন্তরীণ ফ্লাইট চালুর দাবি

- A Monitor Desk Report | Date: 13 October, 2025




**ঢাকাঃ প্রবাসীদের যাতায়তের ভোগান্তি এড়াতে কুমিল্লা বিমান বন্দর চালুর দাবি জানিয়েছে 'কুমিল্লা বিমানবন্দরে বিমান চলাচল দাবী আদায় কমিটি, কুয়েত' নামে প্রবাসী বাংলাদেশিদের একটি সংগঠন।**

শনিবার (১১ অক্টোবর) কুয়েতের একটি হোটেলে কুমিল্লা, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনীর কুয়েত প্রবাসীরা কুমিল্লা বিমানবন্দরে প্রয়োজনীয় জরুরি সংস্কার করে দ্রুত অভ্যন্তরীণ ফ্লাইট চালুর দাবি জানান।

প্রবাসীরা বলেন, বছর দুই বা তারও বেশি সময়ের কর্মজীবন থেকে প্রশান্তির জন্য স্বল্পকালীন ছুটি নিয়ে বিশ্বের বিভিন্ন দেশ থেকে প্রবাসীরা দেশে আসে। বাংলাদেশে পূর্বের ঘোষণা ছাড়া রাজনৈতিক দলগুলোর সড়ক বন্ধ করে কর্মসূচি পালন এবং বিভিন্ন সংগঠন দাবি আদায়ে সড়ক অবরোধ ভাঙচুর, যানজট, নির্জন স্থানে ডাকাতিসহ নানা ধরণের অনাকাঙ্ক্ষিত ঘটনা ও জান-মালের ক্ষয়ক্ষতি শিকার হয় তারা।




প্রবাসীরা আরও বলেন, অর্থনৈতিক জোন হিসেবে ব্যবসায় বাণিজ্য, পর্যটন শিল্পে দেশি-বিদেশী বিনিয়োগকারীদের জন্য কুমিল্লা গুরুত্বপূর্ণ স্থান। তাই যাতায়তের সুবির্ধাথে এবং ঢাকা-চট্টগ্রাম বিমানবন্দরে যাত্রী চাপ কমাতে কুমিল্লা বিমানবন্দর সচল করে দ্রুত ফ্লাইট পরিচালনার দাবি জানাই।

এই সময় উপস্থিত ছিলেন লেখক সংগঠক আ ক ম আজাদ, কমিটির উদ্যোক্তা কামাল হোসেন, সাংবাদিক আমির হোসেন, আবুল কাসেম, হাজী ইউনুস মাহমুদ, মহিউদ্দিন মজুমদার, মো. রওশন আলী, বিল্লাল পাটোয়ারী, আরিফ হোসেন, আব্দুস সালাম মুন্সি, আবু তারেকসহ প্রমুখ।

- -B